



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/২৯৯

তারিখ : ১১ মার্চ ২০২৫ খ্রি.

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ


পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) পি.এ টু ভিসি (১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১)	১টি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিদারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
(২) বাস ড্রাইভার (৯৭০০-২৩৪৯০) (গ্রেড-১৫)	২টি	ক) কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ হেভি ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
(৩) লাইব্রেরি এ্যাটেনডেন্ট (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	১টি	কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
(৪) অফিস সহায়ক (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	৮টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
(৫) ম্যাসেঞ্জার (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	১টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
(৬) বাস হেল্পার (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	২টি	প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।

\*\*\*উপর্যুক্ত শর্ত পূরণ সাপেক্ষে গত ১৩ অক্টোবর ২০২১ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১০৮৮ স্মারকমূলে 'অফিস সহায়ক' পদে ও ১৫ জানুয়ারি ২০২২ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৮১ স্মারকমূলে 'বাস ড্রাইভার, বাস হেল্পার' পদে এবং ১৫ এপ্রিল ২০২৩ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৯২ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোপূর্বে যারা উপরিলিখিত পদসমূহে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে কোন প্রার্থীর যদি উক্ত আবেদনে প্রেরিত তথ্যাদি আপডেট করার প্রয়োজন হয়, তবে তাঁর আপডেটেড তথ্যসহ ০৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে; সেক্ষেত্রে কোন ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার প্রয়োজন হবে না।

### শর্তাবলী :

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৩ এপ্রিল ২০২৫ খ্রি। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (০৩ এপ্রিল ২০২৫ খ্রি.) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট ([www.pust.ac.bd](http://www.pust.ac.bd))-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে :  
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রয়োজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রয়োজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।  
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- কর্মচারী পদে আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।
- এই বিশ্ববিদ্যালয়ে ০৭/১০/২০২১ ইং তারিখের পূর্বে চুক্তিভিত্তিক পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রয়োজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।



রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
পাবনা।